



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন,

৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।



“মুজিববর্ষের সেবা দিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।”

ঋণ ও অগ্রিম বিভাগ

পরিপত্র নং-১১/২০২৩

তারিখঃ ২৪.০৭.২০২৩

বিষয়ঃ পুনর্বাসন ঋণের নতুন খাতসমূহ প্রসঙ্গে।

ব্যাংকের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরে ঋণ বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ এবং বিদ্যমান পুনর্বাসন ঋণ নীতিমালায় উল্লিখিত খাত ব্যতীত আর কোন কোন খাতে পুনর্বাসন ঋণ বিতরণ করা যায় তার পূর্ণাঙ্গ প্রস্তাব ব্যাংকের পরিচালনা পর্ষদের গত ০৮.০৬.২০২৩ তারিখে অনুষ্ঠিত ১০৬তম সভায় উপস্থাপনা করা হলে পর্ষদ নিম্নবর্ণিত পুনর্বাসন ঋণের নতুন খাতসমূহ অনুমোদন করে।

পুনর্বাসন ঋণের নতুন খাতের মেয়াদকাল ও পরিশোধ সূচীর নমুনাঃ

ক্রম	ঋণের খাত/প্রকল্প	ঋণের মেয়াদ (সর্বোচ্চ)	গ্রেস/ মরাটেরিয়াম পিরিয়ড	ঋণ পরিশোধ-সূচী (সর্বোচ্চ)
০১	চা বাগান	০৫ বছর	১ বছর	মাসিক কিস্তিতে
০২	চা/কফি বিক্রির অনটাইম কাপ তৈরির ব্যবসা।	০২ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
০৩	মাল্টা চাষ	০৫ বছর	১ বছর	মাসিক কিস্তিতে
০৪	এভোকাডো চাষ	০৫ বছর	২ বছর	মাসিক কিস্তিতে
০৫	কাজু বাদাম চাষ	০৫ বছর	৩ বছর	মাসিক কিস্তিতে
০৬	কাঠ বাদাম চাষ	০১ বছর	৬ মাস	মাসিক কিস্তিতে
০৭	ড্রাগন ফল চাষ	০৫ বছর	২ বছর	মাসিক কিস্তিতে
০৮	ভুট্টা চাষ	০১ বছর	৬ মাস	মাসিক কিস্তিতে
০৯	কলা চাষ	০১ বছর	১১ মাস	মাসিক কিস্তিতে
১০	আখ চাষ	০২ বছর	১ বছর	মাসিক কিস্তিতে
১১	আনারস চাষ	০২ বছর	১৮ মাস	মাসিক কিস্তিতে
১২	নেপিয়্যার ঘাস চাষ	০১ বছর	২ মাস	মাসিক কিস্তিতে
১৩	এলোভেরা চাষ	০২ বছর	৬ মাস	মাসিক কিস্তিতে
১৪	বুট (গার্মেন্টস)	০১ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
১৫	টিউলিপ ফুল চাষ	০১ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
১৬	সূর্যমুখী ফুলের চাষ	০১ বছর	৬ মাস	মাসিক কিস্তিতে
১৭	লেদ মেশিন ক্রয়	০৩ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
১৮	পুরতন কাগজের ব্যবসা	০১ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
১৯	ডিম হতে বাচ্ছা ফুটানোর মেশিন	০১ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
১৯	সাধারণ ও ফ্যাশনেবল মোমবাতি তৈরি	০২ বছর	১ মাস	মাসিক কিস্তিতে
২০	ইন্টেরিয়র এন্ড এক্সটারনাল ডেকোরেশন,	০২ বছর	১ মাস	মাসিক কিস্তিতে



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন,

৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।




“মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।”

উপরোক্ত খাত ব্যতীত দেশের বিদ্যমান আইন/সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ড ঋণের খাত হিসাবে বিবেচিত হবে। উপরোক্ত খাতের বাইরে কোন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের ধরণ অনুযায়ী ঋণের মেয়াদ, গ্রেস পিরিয়ড, পরিশোধ সূচী যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।

২.০ পুনর্বাসন ঋণের উল্লেখিত খাত ব্যতীত অন্য কোন খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত নিষিদ্ধ নয়, এমন বানিজ্যিকভাবে লাভবান খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে প্রচলিত সামঞ্জস্যপূর্ণ খাতের ঋণের মেয়াদ, গ্রেস পিরিয়ড, পরিশোধ সূচী অথবা বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সূচী যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।

৩.০ এমতাবস্থায়, অত্র ব্যাংকের পুনর্বাসন ঋণ বিতরণ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পর্যদ কর্তৃক অনুমোদিত পুনর্বাসন ঋণের নতুন খাতসমূহ সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৪.০ এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ শাহিদুর রহমান)
উপমহাব্যবস্থাপক ও
বিভাগীয় প্রধান

অঞ্চল প্রধান ও শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

- ০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
- ০২। উপব্যবস্থাপনা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
- ০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
- ০৪। বিভাগীয় প্রধান (সকল) প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
- ০৫। বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অফিস কপি।